

# বিশ্বব্যাংক সংবাদ বিবরণী



## বাংলাদেশে অপুষ্টির বিরুদ্ধে যুদ্ধ

বিশ্বব্যাংক ও অন্যান্য উন্নয়ন সহযোগীরা বাংলাদেশ সরকারের গৃহিত খাদ্যপুষ্টি সংক্রান্ত একটি উদ্যোগে সহায়তা প্রদান করছে। এই উদ্যোগের লক্ষ্য হচ্ছে- মা ও শিশুর জন্য পুষ্টি সরবরাহ করা, খাদ্যে ক্ষুদ্র ক্ষুদ্র পুষ্টি (micronutrient) ঘাটতি দূর করা এবং পাঁচ বছরের নীচের শিশু ও কিশোরদের কুমি নাশক ঔষধ খাওয়ানো। সম্প্রতি সমাপ্ত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-এর অধীন জাতীয় পুষ্টি প্রকল্প (National Nutrition Project) থেকে Health Sector-Wide Programme (HNPS)-এ উত্তরণে বিশ্বব্যাংকের এই সহায়তা সাহায্য করবে।

শিশু অপুষ্টির ক্ষেত্রে বাংলাদেশের অবস্থান বিশ্বের সর্বোচ্চ মাত্রার দেশগুলোর মধ্যে রয়েছে। দেশের প্রায় এক তৃতীয়াংশ শিশুর জন্ম হয় কম ওজন নিয়ে। এই সমস্যা শিশুর মৃত্যু হার বাড়ানোর পাশাপাশি পরিণত বয়সে মানুষের মধ্যে ডায়াবেটিস ও হৃদরোগ-এর ঝুঁকি বাড়িয়ে দেয়। অপুষ্টির বিষয়টি শুধুমাত্র খাদ্য নিরাপত্তার সাথে সম্পর্কিত নয়, বরং মানুষের আচরণ, সামাজিক মনোভাব এবং পুষ্টি সরবরাহের সম্পর্কে মানুষের অজ্ঞানতার সাথেও সম্পৃক্ত।

সম্প্রতি সমাপ্ত জাতীয় পুষ্টি প্রকল্প-এর অধীনে “এলাকা ভিত্তিক কমিউনিটি নিউট্রিশন প্রোগ্রাম”-এর মাধ্যমে এসব সমস্যা সমাধানের চেষ্টা করা হয়েছে। বিভিন্ন বেসরকারী সংস্থা (এনজিও)-র মাধ্যমে বাস্তবায়িত এই প্রকল্পের মাধ্যমে জনগণের আচরণগত পরিবর্তন, সচেতনতা বৃদ্ধি, অপুষ্টি প্রতিরোধ, খাদ্য নিরাপত্তা সৃষ্টি এবং হতদরিদ্র পরিবারগুলোর জন্য আয়বৃদ্ধির সুযোগ সৃষ্টির উদ্যোগ নেয়া হয়েছে। এই কাজের সাথে সম্পৃক্ত এনজিওগুলো তাদের সেবার মাধ্যমে বাংলাদেশের নিম্ন আয়ের মানুষের অপুষ্টি সমস্যা দূর করতে তাদের বলিষ্ঠ অঙ্গিকার ব্যক্ত করেছে।

বাংলাদেশ সরকার, বিশ্বব্যাংক ও অন্যান্য উন্নয়ন অংশীদারগণ জাতীয় পুষ্টি কর্মসূচীকে ‘এইচএনপিএসপি’ তে উত্তরণের জন্য একটি নতুন “নিউট্রিশন প্যাকেজ” চালু করতে সম্মত হয়। জাতীয় পর্যায়ে এই প্যাকেজের অধীনে বিভিন্ন খাদ্যদ্রব্যের পুষ্টিগুণ বজায় রাখা, খাদ্যগুলোর উৎকর্ষতা বৃদ্ধি এবং সকল শিশু ও বয়োঃপ্রাপ্ত লোককে কুমি নাশক ঔষধ খাওয়ানোর ওপর জোর দেয়া হয়। খাদ্যপুষ্টি হচ্ছে ভিটামিন ও মিনারেল জাতীয় কিছু উপাদান যেগুলো শরীরের ক্ষুদ্রাতি ক্ষুদ্র অংশের জন্য একান্ত প্রয়োজন।

এই প্যাকেজের প্রতিটি পর্যায়ে পুষ্টি বিষয়ে বাংলাদেশের জনগণের আচরণগত পরিবর্তন ও সচেতনতা বৃদ্ধির জন্য তাদের সাথে পরামর্শ ও যোগাযোগ রক্ষার ব্যবস্থা থাকবে। পুষ্টি সংক্রান্ত শিক্ষাদান, শিশু ও মাতৃ পুষ্টি পূরণ করা, হাতে কলমে পুষ্টি খাওয়া শেখানো এবং নব-বিবাহিত দম্পতি ও কিশোরী মেয়েদের পুষ্টি সেবা প্রদান করাও এই প্যাকেজের অন্তর্ভুক্ত রয়েছে।

#####